ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

37

তারিখ ... 21 JUN 1988
পৃষ্ঠা ... কেলাব

অধ্যক্ষ অপহরণ

# প্রতিবাদ সভায় দুষ্কৃতিকারীদের শাস্তি দাবী

টঙ্গী, ২০শে জুন (নিজস্ব সংবাদদাতা)।– অধ্যক্ষ অপহরণের প্রতিবাদে টঙ্গীতে আজ এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। গত ১৬ই জুন গাজীপুরস্থ কাজী আজিম উদ্দিন কলেজের অধ্যক্ষ হায়দার আলীকে কতিপয় দুষ্কৃতকারী তাঁর বাস ভবন থেকে হাত– পা বেঁধে চুল কেটে ও আলকাতরা মাখিয়ে একটি টেম্পুতে করে অপহরণ করে। অপহরণকারী টেম্পুটি জেলা সদর থেকে ছ'মাইল দূরে যাবার পর একপর্যায়ে অধ্যক্ষের আর্ত চিৎকারে রাস্তার আশপাশের লোকজন এসে তাঁকে উদ্ধার করে। দুষ্কৃতকারীরা অধ্যক্ষকে বেদম মারপিট করে বলে জানা যায়। এ ব্যাপারে খোঁজ নিয়ে জানা যায়, আজিম উদ্দিন কলেজের কিছু ছাত্র এতে জড়িত রয়েছে। তারা পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে অধ্যক্ষের উপর এ ঘটনার মাধ্যমে প্রতিশোধ নেয়।

• এ ঘটনার প্রতিবাদে টঙ্গী থানা শিক্ষক সমিতি ও টঙ্গী পাইলট হাই স্কুল এক প্রতিবাদ সভার আয়োজন করে। সভায় [illegible]দের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা